

আলিমে এবারও শীর্ষে তা'মিরুল মিল্লাত কামিল মাদরাসা

আঞ্চলিক
প্রতিনিধি,
গাজীপুর

১৬ অক্টোবর,
২০২৪ ০১:০২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০২৪ সালের আলিম পরীক্ষায় টপ্পীর তা'মিরুল মিল্লাত কামিল মাদরাসা এবারও জিপিএ-৫ প্রাপ্তিতে শীর্ষস্থান অধিকার করেছে। এ মাদরাসা থেকে ১৩১৩ জন অংশগ্রহণকারী আলিম

পরীক্ষার্থীর মধ্যে ৮৮৬ জনই 'এ' প্লাস পেয়ে উত্তীর্ণ হয়েছে। ঈর্ষণীয় এই ফলাফলে মাদরাসার ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আনন্দের জোয়ার বইছে।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় ভালো ফলাফলের জন্য তা'মিরুল মিল্লাত কামিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মো. মিজানুর রহমান মহান আল্লাহ তায়ালায় শুকরিয়া জ্ঞাপন করে বলেন, পরিচালনা পর্ষদের নিবিড় পরিচর্যা, শিক্ষকদের আন্তরিকতা, ছাত্রদের কঠোর পরিশ্রম এবং অভিভাবকদের সহযোগিতা ও দোয়ায় এই ফলাফলের পেছনে ভূমিকা রেখেছে।

আগামীতে আরো ভালো করার জন্য ছাত্র ও শিক্ষকদের জোর প্রচেষ্টা অব্যাহত থাকবে এবং দেশ ও জাতির ক্রান্তিলগ্নে তা'মিরুল মিল্লাত কামিল মাদরাসার ছাত্ররা আদর্শিক ও নৈতিকতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি আরোও বলেন, দেশে যখন ইসলামি শিক্ষা ব্যবস্থার জন্য নানা সীমাবদ্ধতা ও সংকীর্ণতা তৈরি হয়েছে তখনও তা'মিরুল মিল্লাত ট্রাস্ট পরিচালিত প্রতিষ্ঠানসমূহের প্রতি দেশ ও জাতি গভীর আস্থা রেখেছে। ফলশ্রুতিতে ২০২৪-২০২৫ সেশনে আলিম প্রথম বর্ষে প্রায় ১৯০০ জন ছাত্র-ছাত্রী তা'মিরুল মিল্লাত মাদরাসায় ভর্তি হয়েছে। জাতির এ বিশাল আমানত রক্ষায় তিনি আল্লাহ তায়ালায় নিকট তাওফীক ও দেশবাসীর কাছে দু'আ কামনা করেন।

